



পত্র নং-৫৮.০৪.০০০০.০২৮.০৫.০০১.২০২০-০৬

তারিখ: ২১ পৌষ ১৪২৭
০০ জানুয়ারি ২০২১

বিষয় : সিলেট বিভাগীয় দপ্তরের অনুকূলে চট্টগ্রাম বিভাগীয় দপ্তরের সাবেক সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর জনাব মোঃ রুহুল আমিন এর ছোট ভাই সুলতান আহমেদ (৩৩) এর বিরুদ্ধে একই দপ্তরে কর্মরত পরিচ্ছন্নতাকর্মী মোঃ ইব্রাহীম খলিল এর একমাত্র নাবালিকা মেয়েকে যৌন হয়রানি/ অসামাজিক কার্যকলাপ এবং শরীরে এসিড দিয়ে ঝলসে দেয়ার অভিযোগের বিষয়ে তদন্ত প্রতিবেদন

সূত্রঃ ক। কারা অধিদপ্তর এর পত্র নং- ৫৮.০৪.০০০০.০২৮.০৫.০০১.২০-৪২৫ তারিখঃ ৩১-৮-২০২০
খ। চট্টগ্রাম বিভাগীয় দপ্তর এর পত্র নং- ৫৮.০৪.১৫০০.০৬২.০২.২০২০-৭৫৭ তারিখঃ ১৩-৮-২০
গ। সিলেট কেন্দ্রীয় কারাগার এর পত্র নং- ৫৮.০৪.৯১০০.১৫৬.০৩.০১৭.২০-৩৭৮৫ তারিখঃ ১৩-৯-২০

উপর্যুক্ত বিষয়ে কারা অধিদপ্তর কর্তৃক গঠিত তদন্ত কমিটির প্রতিবেদনের সুপারিশ মোতাবেক নিম্নরূপ ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলোঃ

(ক) কারা বিধি মোতাবেক কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে একত্রীকরণ নিষেধ। উক্ত বিধি কঠোরভাবে প্রতিপালনে নির্দেশনা প্রদান;


(খ) কর্মকর্তা/কর্মচারীর কারা এলাকার বাসায় পোষ্য ব্যতিত অন্য কেউ যেন অবস্থান করতে না পারে তা নিশ্চিত করণে সকলকে নির্দেশনা প্রদান;

(গ) কর্মকর্তা/কর্মচারীগণের পরিবারের সদস্যদের মধ্যে অনৈতিক কার্যকলাপের কোন আলামত দৃষ্টিগোচর হলে কাল বিলম্ব না করে উর্ধ্বতন কর্তৃপক্ষের নজরে আনয়ন এবং দ্রুততম সময়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা;

(ঘ) বিনানুতিতে কারা এলাকায় যে কোন প্রকার বহিরাগত বা আগন্তুকের প্রবেশ, ঘোরাফেরা ও অবস্থান কঠোরভাবে নিষিদ্ধ করা। কারা এলাকায় কারা কর্মকর্তা ও কর্মচারীদের আত্মীয়-স্বজনের আগমন ও অবস্থান করা সম্পর্কে কারা কর্তৃপক্ষকে অবগত করানোর কঠোর নির্দেশনা প্রদান;

(ঙ) কারা আইন/কারা বিধি বহির্ভূত কোন অপরাধ কারা এলাকায় বসবাসরত কারা কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে সংঘটিত হলে তা স্থানীয় কর্তৃপক্ষকে অবহিত করে অপরাধের ধরণ/মাত্রা অনুযায়ী আইনগত ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান।

২। উল্লিখিত বিষয়াবলী নিশ্চিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।


তারিখ: ০৬/০১/২০২১
মোঃ আবরার হোসেন
কর্নেল
অতিঃকারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোনঃ ৫৭০০২২২(দপ্তর)

১। কারা উপ-মহাপরিদর্শক
সকল বিভাগ
সকল সদর দপ্তর।

২। সিনিয়র জেল সুপার/ জেল সুপার
সকল কেন্দ্রীয়/ জেলা কারাগার।